

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইফটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(২১).১৭- ২০

তারিখ: ০৩.০১.২০১৮ খ্রি:।

বিষয়: বগুড়া জেলার আদমদীঘি উপজেলাধীন আদমদীঘি আদমিয়া ফাযিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি)

মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) আদমদীঘি আদমিয়া ফাযিল মাদরাসার স্মারক নং- আফামা/২০১৭/৮৬

তারিখ: ১৭.১২.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, আদমদীঘি আদমিয়া ফাযিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব আলহাজ্ব মোমতাজুর রহমান এইচ.এস.সি পাশ একজন ব্যক্তি। তিনি (জনাব আলহাজ্ব মোমতাজুর রহমান) অত্র মাদরাসার বই সংরক্ষণের জন্য দুইটি লোহার আলমীরা দান করেছেন এবং বিগত সময়ে মাদরাসার উন্নয়নে ২০,০০০/- (বিশ হাজার) টাকা দান করেছেন, মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় (জনাব আলহাজ্ব মোমতাজুর রহমান) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব আলহাজ্ব মোমতাজুর রহমান) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, আদমদীঘি আদমিয়া ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব আলহাজ্ব মোমতাজুর রহমান, পিতা: মৃত- আলহাজ্ব বয়েজ উদ্দীন প্রাং, গ্রাম: আদমদীঘি পশ্চিম বাজার, ডাক ও উপজেলা: আদমদীঘি, জেলা: বগুড়া -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

*Amir*  
০৩.০১.১৮

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অধ্যক্ষ

আদমদীঘি আদমিয়া ফাযিল মাদরাসা, ডাক ও উপজেলা: আদমদীঘি, জেলা: বগুড়া।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, আদমদীঘি আদমিয়া ফাযিল মাদরাসা, ডাক ও উপজেলা: আদমদীঘি, জেলা: বগুড়া।

৪. জনাব আলহাজ্ব মোমতাজুর রহমান, পিতা: মৃত- আলহাজ্ব বয়েজ উদ্দীন প্রাং, গ্রাম: আদমদীঘি পশ্চিম বাজার, ডাক ও উপজেলা: আদমদীঘি, জেলা: বগুড়া।

৫. অফিস কপি।